147

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 DEC 1998 ... ...
পৃষ্ঠা [illegible] কলাম ... [illegible] ......

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাহজালাল হলের নবীন বরণ ও বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় না থাকিলে অনেক সময় সেশন জটের সৃষ্টি হয়। বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ বজায় রাখিয়া শিক্ষাজীবন নিষ্কন্টক রাখার ব্যাপারে তিনি ছাত্র-ছাত্রীদের উদ্যোগী হওয়ার আহ্বান জানান। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্তমানে মুক্ত বুদ্ধি চর্চার যে সুযোগ সৃষ্টি হইয়াছে তাহা অব্যাহত রাখিতে ছাত্র-শিক্ষকের সম্মিলিত প্রয়োজন রহিয়াছে বলিয়া তিনি মন্তব্য করেন। প্রভোষ্ট ডঃ সুলতান আহমদের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বাণিজ্য অনুষদের ডীন প্রফেসর মঞ্জুর মোর্শেদ মাহমুদ, প্রফেসর ডঃ মোহাম্মদ আতাহার আলী, হাসমত আলী, কামাল উদ্দিন, তৌহিদুল বারী শাহীন প্রমুখ বক্তৃতা করেন।